ঢাকা ওয়াসা

বিষয়ঃ বৈদেশিক প্রশিক্ষণ, কারখানা পরিদর্শনে যথোপযুক্ত কর্মকর্তা মনোনয়ন সংক্রান্ত গঠিত কমিটি'র সভা সংক্রান্ত।

১১। আলোচনা হয়েছে। আলোচনার প্রেক্ষিতে নথি পুনরায় উপস্থাপন করা হলো।

১২। ঢাকা ওয়াসা হতে বৈদেশিক প্রশিক্ষণ, সেমিনার, কারখানা পরিদর্শনে যথোপযুক্ত কর্মকর্তা মনোনয়ন সংক্রান্ত গঠিত কমিটির একটি সভা আগামী ২৩/০৯/২০২৫ তারিখ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) এর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট কমিটির আহ্বায়ক, সদস্য, সদস্য-সচিব ও সহায়কগণের সম্মানী ভাতা প্রদানের প্রয়োজন হবে। কমিটির আহ্বায়ক, সদস্য ও সদস্য-সচিব এর জন্য সম্মানী ভাতা বাবদ {৫,০০০ x ৬)} = ৩০,০০০/- টাকা, ১ জন কর্মকর্তা'র ২,৫০০/- টাকা, ১ জন সহায়ক কর্মকর্তা'র ২,০০০/, ০১ জন অফিস সুপারিনটেনডেন্ট ১,৫০০/- টাকা এবং ২ জন কর্মচারীর সম্মানী বাবদ (১০০০ x ২) = ২,০০০/- টাকাসহ সর্বমোট (৩০,০০০ + ২,৫০০ + ২০০০ + ১,৫০০ + ২,০০০) = **৩৮,০০০/- (আটত্রিশ হাজার)** টাকা নির্ধারণ করা যেতে পারে। এছাড়া ষ্টেশনারী মালামাল ক্রয় বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা নির্ধারণ করা যেতে পারে।

১৩। অনুচ্ছেদ-১২ এর বর্ণনামতে বৈদেশিক প্রশিক্ষণ, সেমিনার, কারখানা পরিদর্শনে যথোপযুক্ত কর্মকর্তা মনোনয়ন সংক্রান্ত গঠিত কমিটির সভায় সর্বমোট **৩৯,০০০/- (উনচল্লিশ হাজার)** টাকা প্রয়োজন হবে যা উপ-সচিব, প্রশাসন বিভাগ-১ এর অনুকূলে **অস্থায়ী অগ্রিম** হিসেবে প্রদান করা যেতে পারে। প্রস্তাব অনুমোদিত হলেঃ

ক. সভায় উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে কমিটি'র সদস্যগণকে নোটিশ প্রদান করা যায়।

খ. আপ্যায়ণের ব্যবস্থা করার জন্য উপ সচিব, কমন সার্ভিস বিভাগ কে বলা যেতে পারে।

গ. কমিটির সম্মানিত সদস্য, সহায়ক কর্মকর্তা ও কর্মচারীদের সম্মানী ও ষ্টেশনারী খরচ বাবদ সর্বমোট **৩৯,০০০/- (উনচল্লিশ হাজার)** টাকা প্রদানের বিষয়ে হিসাব বিভাগে পত্র প্রেরণ করা যায়।

১৪। উপরোক্ত নোট অনুঃ ১৩ এর প্রস্তাব সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।

সাজেদা পারভীন
অফিস সুপারিনটেনডেন্ট
প্রশাসন বিভাগ-১, ঢাকা ওয়াসা।

22/09
AS (A-1)
মোঃ মাহাবুবুল হক
সহকারী সচিব, প্রশাসন বিভাগ-১
ঢাকা ওয়াসা।

DS (A-1)
22.09.25
নূরুজ্জামান মিয়াজী
উপ-সচিব
প্রশাসন বিভাগ-১
ঢাকা ওয়াসা।

সচিব
২২/০৯/২৫
মোঃ মশিউর রহমান খান
সচিব
ঢাকা ওয়াসা

22/09/2025
উপ-ব্যবস্থাপনা পরিচালক
মানবসম্পদ ও প্রসাশন

22/09/2025
DMD (HR & Admin)
মোঃ আমিরুল ইসলাম
(যুগ্মসচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)

DS-A1

২৪/০৯/২৫
ব্যবস্থাপনা পরিচালক মহোদয়
মোঃ ... মিয়া